

অনিয়মের অভিযোগে ভিকারুননিসায় অধ্যক্ষ নিয়োগ স্থগিত

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২৯ এপ্রিল ২০১৯, ১৭:০৪

আপডেট: ২৯ এপ্রিল ২০১৯, ১৭:০৬



ফাইল ছবি

অনিয়মের অভিযোগ ওঠার পর রাজধানীর বেইলি রোডে অবস্থিত ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল রোববারের তারিখ দিয়ে একটি অফিস আদেশ জারি করে এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে নির্দেশ দেওয়া হয়েছে।

অভিযোগ ওঠে ২৬ এপ্রিল শুক্রবার ভিকারুননিসায় অধ্যক্ষ নিয়োগের

লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। সেখানে ৩০ নম্বরের পরীক্ষায় প্রার্থী ছিলেন ১৩ জন। তাদের মধ্যে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের একজন শিক্ষক লিখিত পরীক্ষায় অংশ নিয়ে সাড়ে তিন নম্বর পান। পরে তাঁর মৌখিক পরীক্ষা ও একাডেমিক সনদের যোগ্যতা দেখে ওই প্রার্থীকে অধ্যক্ষ নিয়োগের জন্য সুপারিশ করা হয়। এ ছাড়া প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাতেও ওই শিক্ষককে অধ্যক্ষ হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

তবে এ সিদ্ধান্তে আপত্তি (নোট অব ডিসেন্ট) জানান পর্ষদের দুজন সদস্য। এ ছাড়া কলেজের বাইরে থেকে অধ্যক্ষ নিয়োগ করা নিয়ে কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে এক ধরনের অসন্তোষ সৃষ্টি হয়। এসব বিষয় নিয়ে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে একাধিক অভিযোগ যায়। এরপরেই মন্ত্রণালয় অধ্যক্ষ নিয়োগ কার্যক্রম স্থগিত করে।

উল্লেখ্য, ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী অরিত্রী অধিকারীর আত্মহত্যার ঘটনায় গত বছর তৎকালীন ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাজনীন ফেরদৌসসহ তিন শিক্ষককে সরিয়ে দেওয়া হয়। এরপর কলেজ শাখার সহকারী অধ্যাপক হাসিনা বেগমকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়া হয়।